দৈনিক ইত্তেফাক

তারিখ 15 NOV 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৪

সংবাদ সম্মেলনে অভিযোগ

# ফুলবাড়ীয়া ডিগ্রি কলেজ এমপি'র মিথ্যাচারে সরকারিকরণ হয়নি

■ ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) সংবাদদাতা

ফুলবাড়ীয়া ডিগ্রি কলেজ এমপি'র মিথ্যাচারে সরকারিকরণ হয়নি বলে অভিযোগ করা হয়েছে। সোমবার সরকারিকরণের দাবিতে আন্দোলনকারী শিক্ষকদের সংবাদ সম্মেলনে এ অভিযোগ করা হয়।

উপজেলা সদরের বঙ্গবন্ধু চত্বরে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়েন ফুলবাড়ীয়া কলেজ সরকারিকরণ দাবি আদায় কমিটির আহবায়ক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান এসএম আবুল হাসেম। এ সময় আন্দোলনকারী শিক্ষকরা অভিযোগ করেন, ফুলবাড়ীয়া থেকে নির্বাচিত সংসদ সসদ্য আলহাজ মোসলেম উদ্দিন অ্যাডভোকেট ও তার পরিবার চরম মিথ্যাবাদী। এমপি'র মিথ্যাচারিতার কারণেই ১৯৭২ সালে স্থাপিত ঐতিহ্যবাহী এ কলেজটি সরকারিকরণ হয়নি।

এদিকে সংসদ সদস্য অ্যাডভোকেট মোসলেম উদ্দিন জানান, আন্দোলনকারী শিক্ষকদের অভিযোগ সত্য নয়। ঐতিহ্যবাহী ফুলবাড়ীয়া ডিগ্রি কলেজটি সরকারিকরণ করা হোক এটা আমারও দাবি।